

## একুশে গ্রন্থমেলায় ২৬২টি ষ্টল বরাদ্দ

### ■ সমকাল প্রতিবেদক

একুশে গ্রন্থমেলায় প্রস্তুতি এগিয়ে চলেছে। গতকাল বৃহস্পতিবার বাছাইকৃত প্রকাশনা সংস্থার নামের তালিকা প্রকাশ করেছে মেলায় আয়োজক প্রতিষ্ঠান বাংলা একাডেমি। এখন একাডেমি প্রাসঙ্গে চলছে অবকাঠামো নির্মাণের কাজ। ইতিমধ্যে প্রায় সমাপ্ত হয়ে এসেছে মেলায় মূল মঞ্চের কাজ।

গ্রন্থমেলায় অংশগ্রহণের জন্য ৩২০টি প্রকাশনা সংস্থা আবেদন করে। তার মধ্যে ২৪৫টি প্রকাশনা সংস্থা এবারের মেলায় ষ্টল বরাদ্দ পেয়েছে। তার মধ্যে ১২টি শিশু প্রকাশনা সংস্থা রয়েছে। এ ছাড়া ১৫টি সরকারি ও একটি স্বায়ত্তশাসিত সংস্থাও এবারের মেলায় ষ্টল বরাদ্দ পেয়েছে। সব মিলিয়ে ২৬২টি ষ্টল বরাদ্দ দেওয়া হয়েছে। গ্রন্থমেলায় নীতিমালা অনুযায়ী, আগামী ২৪ জানুয়ারি বিকালে বরাদ্দকৃত ষ্টলের মধ্যে লটারি অনুষ্ঠিত হবে। যার পূর্ণাঙ্গ তালিকা ২৫ জানুয়ারি প্রকাশিত হবে। এর পরই ষ্টল মালিকরা নিজস্ব সাজসজ্জা ও বই নিয়ে মেলায় প্রবেশ করতে পারবেন। তবে যে প্রকাশনা সংস্থার নামে ষ্টল বরাদ্দ করা হয়েছে তারা ষ্টল বিক্রি বা ভাড়া দিতে পারবে না।

বাংলা একাডেমির সমন্বয় ও জনসংযোগ উপ-বিভাগের উপপরিচালক মুর্শিদুদ্দিন আহম্মদ সমকালকে বলেন, 'একই সঙ্গে অনেক কাজ হচ্ছে। মেলা ফেব্রুয়ারির ১ তারিখে উদ্বোধনের জন্য সব কাজ চলছে। সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিকল্পনা চলছে। অবকাঠামো নির্মাণের কাজও শুরু হয়েছে ইতিমধ্যে।'

নিরাপত্তা প্রসঙ্গে তিনি বলেন, 'প্রতি বছরের মতো এবারও তিন স্তরের নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হচ্ছে। তার সঙ্গে মেলা পরিচালনা কমিটির পর্যবেক্ষক দলও থাকবে। সাম্প্রতিক সময়ে ঘটে যাওয়া সহিংসতা নিয়ে আমরা উদ্বিগ্ন নই। কারণ এ মেলা সবার। যারা আন্দোলন করছেন ও আন্দোলন যোকাবেলা করছেন তাদের সবারই প্রাণের মেলা অমর একুশে গ্রন্থমেলা।'

তালিকায় দেখা গেছে, এবারের অমর একুশে গ্রন্থমেলায় ৩ ইউনিটের ষ্টল পেয়েছে ৪৮টি, ২ ইউনিটের ষ্টল পেয়েছে ৮৩টি ও ১ ইউনিটের ষ্টল পেয়েছে ১৩১টি সংস্থা। তার মধ্যে ৩ ইউনিটের ষ্টলের মধ্যে ৪৬টি, ২ ইউনিটের ষ্টলের মধ্যে ৭৫টি এবং ১ ইউনিটের ষ্টলের মধ্যে ১১২টি প্রকাশনা সংস্থা ষ্টল বরাদ্দ পেয়েছে। এ ছাড়া ২টি শিশু প্রকাশনা সংস্থা ২ ইউনিট এবং ১০টি শিশু প্রকাশনা সংস্থা ১ ইউনিটের ষ্টল বরাদ্দ পেয়েছে।

গতবারের মতো এবারও কোনো বেসরকারি সংস্থা গ্রন্থমেলায় ষ্টল বরাদ্দ পায়নি। সরকারি সংস্থাগুলোর মধ্যে ২টি ৩ ইউনিট, ৫টি ২ ইউনিট এবং ৮টি ১ ইউনিটের ষ্টল বরাদ্দ পেয়েছে। স্বায়ত্তশাসিত সংস্থার মধ্যে মুক্তিযুদ্ধ জাদুঘর মেলায় ষ্টল বরাদ্দ পেয়েছে।

সরকারি সংস্থাগুলোর মধ্যে ৩ ইউনিট বরাদ্দ পেয়েছে নজরুল ইনস্টিটিউট ও শিশু একাডেমি; ২ ইউনিটের বরাদ্দ পেয়েছে ইসলামিক ফাউন্ডেশন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদফতর, এশিয়াটিক সোসাইটি, উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) ও ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশনা সংস্থা এবং ১ ইউনিটের ষ্টল পেয়েছে পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), শিল্পকলা একাডেমি, বিশ্ববিদ্যালয় যন্ত্রুরি কমিশন, ফিল্ম আর্কাইভস, পরিসংখ্যান ব্যুরো, প্রেস ইনস্টিটিউট, প্রস্তুতকৃত অধিদফতর ও সমাজসেবা অধিদফতর। আগামী দু-একদিনের মধ্যে মেলায় সার্বিক নিরাপত্তা নিয়ে আন্তঃমন্ত্রণালয় বৈঠক অনুষ্ঠিত হবে। এতে মেলায় নিরাপত্তা বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে।